



তারিখ : ৩১ আগস্ট, ২০১৬

স্মারক নং : রিহাব (অপা:ডি:০০৭)/রিহাব হাঃ ফেঃ কাঃ ও জে:-২০১৬/০২/৬১৭৫

বরাবর,

সম্মানিত সকল সদস্য

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব)।

সূত্র: তারিখ : ১৯ জুলাই, ২০১৬, স্মারক নং : রিহাব (অপা:ডি: ০০৭/ কাতারঃ ও জেদ্দা হাঃ ফেঃ ২০১৬-০১/২০১৬/৬০৫৩

বিষয়ঃ রিহাব আয়োজিত রিহাব হাউজিং ফেয়ার, কাতার- ২০১৬ ও রিহাব হাউজিং ফেয়ার, জেদ্দা- ২০১৬-এর তারিখ পরিবর্তন প্রসঙ্গে।

জনাব

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব)-এর পক্ষ থেকে শুভেচ্ছা গ্রহণ করণ।

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র হজ্জ উপলক্ষ্যে মধ্যপ্রাচ্যের ভিসা সংক্রান্ত জটিলতা এড়াতে রিহাব ফেয়ার স্ট্যান্ডিং কমিটির সিদ্ধান্ত অনুসারে পূর্ব নির্ধারিত তারিখ পরিবর্তন করে আগামী ২৮-২৯ অক্টোবর, ২০১৬ কাতারের দোহাস্থ বাঙ্গালী অধ্যুষিত নাজমা এলাকার সর্বনিকটবর্তী পাঁচ তারকা “হোটেল ক্রাউন প্লাজা”-এ ২য় বারের মত “রিহাব হাউজিং ফেয়ার, কাতার- ২০১৬” এবং ৪ ও ৫ নভেম্বর, ২০১৬ তারিখে সৌদি আরবের জেদ্দায় বাঙ্গালী এলাকায় অবস্থিত “হলিডে ইন হোটেল”- এ ১ম বারের মত রিহাব হাউজিং ফেয়ার, জেদ্দা- ২০১৬ শীর্ষক দুটি ফেয়ার আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এই ফেয়ারে অংশগ্রহণে ইচ্ছুক রিহাব সদস্যগণকে আগামী ৮ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ (বৃহস্পতিবার)-এর মধ্যে “রিহাব” বরাবরে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জমা দিতে হবে। মধ্যপ্রাচ্যের ভিসা প্রাপ্তি সময় সাপেক্ষ বিধায়, অতিদ্রুত আপনার প্রতিষ্ঠানের অংশগ্রহণ নিশ্চিত করা জরুরি। বিশেষভাবে উল্লেখ্য যে, ফেয়ারে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের যে সব প্রকল্প সমূহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত, শুধুমাত্র সে সকল অনুমোদিত প্রকল্পের প্লট ও ফ্ল্যাট এই ফেয়ারে উপস্থাপন, প্রদর্শন ও বিক্রয় করার জন্য বিনীত অনুরোধ করছি।

উল্লেখিত দুইটি ফেয়ারের তারিখ পরিবর্তনের কারণে আপনার পরিকল্পনায় বিঘ্ন সৃষ্টি হয়ে থাকলে সেজন্য আমরা আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছি। এই প্রেক্ষিতে, আসন্ন রিহাব হাউজিং ফেয়ার কাতার ও জেদ্দা- ২০১৬- এ আপনার প্রতিষ্ঠানের স্টল বুকিং নিশ্চিত করে রিহাবের এই আয়োজনকে সাফল্যমণ্ডিত করতে সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে-

প্রকৌশলী সরদার মো: আমিন
ভাইস প্রেসিডেন্ট (এ্যাডমিন), রিহাব।

মো: শাকিল কামাল চৌধুরী
চেয়ারম্যান, ফেয়ার স্ট্যান্ডিং কমিটি, রিহাব।

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH

NATIONAL PLAZA : 1/G, Free School Street (6th Floor), Sonargaon Road, Dhaka-1205, Bangladesh

E-mail: rehab@dbn-bd.net, Web site : www.rehab-bd.org, Tel : 880-2-9662482, 9669897, 8652064 Fax : 880-2-8619919

